তারিখ ... JAN. 03 2001
পৃষ্ঠা ... কলাম ...

# শরিয়তপুরে ৫০ হাজার দুঃস্থ প্রাথমিক শিক্ষার্থী আর্থিক সুবিধা পাইতেছে

শরীয়তপুর সংবাদাতা ॥ জেলার ৬টি উপজেলার ৬৪টি ইউনিয়নের মোট ৫০ হাজার ৩৬ জন প্রাথমির্ক শিক্ষার্থী আর্থিক সুযোগ-সুবিধা ভোগ করিতেছে। ফলে এইসব গরীব-দুঃস্থ শিক্ষার্থীদের ঝরিয়া পরিবার সম্ভাবনা হ্রাস পাইয়াছে।

চলতি বৎসর জেলায় ভেদরগঞ্জ, ডামুড্যা, গোসাইরহাট, নড়িয়া, জাজিরা ও শরীয়তপুর সদর উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে অধ্যায়নরত শিক্ষার্থীর সংখ্যা ১ লক্ষ ৬২ হাজার ১০৬। প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক হওয়া সত্ত্বেও গরীব-দুঃস্থ শিক্ষার্থীদের অনেকে মাঝপথে ঝরিয়া পড়ে। অনেক গরীব-দুঃস্থ পরিবার শিশুদের পড়াশুনার ন্যূনতম সুযোগ-সুবিধা প্রধানে ব্যর্থ হইয়া তাহাদের পারিবারিক কাজকর্মে লাগায় এই গরীব-দুঃসহ শিক্ষার্থীদের জন্য মাসিক ২০ টাকা হিসাবে উপবৃত্তি এবং শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু করা হইয়াছ। মোট শিক্ষার্থীর ৪০ ভাগকে উপবৃত্তি প্রদান করা হইতেছে। জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্র অনুযায়ী জেলার ৬টি উপজেলার ৪৭টি ইউনিয়নের সরকারী ২৬২টি, রেজিস্টার্ড বেসরকারি ১০০টি, কমিউনিটি ৫০টি ও স্যাটেলাইট ৩৭টি প্রাথমিক বিদ্যালয়ে ৩৪ হাজার ৫৩১ জন শিক্ষার্থীকে মাসিক ২০ টাকা হিসাবে উপবৃত্তি প্রদান করা হইতেছে। ১৫টি ইউনিয়নের সরকারী ৯৭টি, রেজিঃ বেসরকারি ২৯টি, স্যাটেলাইট ৩৮টি ও ১৯টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে ১৫ হাজার ৫০৫ জনকে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় প্রতিমাসে ১৫ কেজি করিয়া গম প্রদান করা হইতেছে। প্রথম হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের উপবৃত্তি ও শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতাভুক্ত করার ফলে শিক্ষার মাঝপথে গরীব-দুঃস্থ পরিবারের শিক্ষার্থীদের ঝরিয়া পড়িবার সম্ভাবনা থাকিবে না বলিয়া শিক্ষা বিভাগীয় এক কর্মকর্তা জানান।